

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০০৩.৯৯.০০৪.১৯-**২০০**

তারিখঃ- ২৬/৩/২০২০

বিষয়ঃ কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রামণ প্রতিহতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ৩৬.০০.০০০০.০৪৮.১৮.০০৭.১৯-৩২৪ তারিখঃ ১৫-০৩-২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ (করোনা) ভাইরাসের সাম্প্রতিক প্রভাব বাংলাদেশেও গত ৮ মার্চ ২০২০ তারিখ প্রথম ০৩(তিন) জন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে (তথ্যসূত্র-রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট(আইইডিসিআর))। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস-কে মহামারী হিসেবে ঘোষণা করেছে। এর পরিপ্রেক্ষিতে, শ্রমঘন শিল্প বিশেষতঃ চামড়া ও চামড়াজাত পণ্য, হিমায়িত পণ্য, প্লাস্টিক পণ্য, সার, চিনি লবণ ইত্যাদি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য উৎপাদন ও সেবা সেটরসনূহে করোনা ভাইরাস এর সংক্রমণ প্রতিহত করার উদ্দেশ্যে আইইডিসিআর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


এনপিও-তে কর্মরত সকল কর্মীকে দেহের তাপমাত্রা পরিমাপক থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া কোন কর্মীর তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি নিয়ে সংগনিরোধ (Quarantine) ব্যবস্থা গ্রহণপূর্বক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত গম্বয় হুঁচি-কাশি দেয়া, করমর্দন বা কোলাজুগি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে সহকর্মীসহ এনপিও'র বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে বক্তব্য প্রদানের মাধ্যমে উৎসাহিত করা ও এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত এনপিও, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ (২য় তলা) ২২০ নম্বর কক্ষে কন্ট্রোল রুম খোলা হয়েছে। এনপিও'র গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান-কে ফোবাল পয়েন্ট হিসেবে মনোনীত করা হলো। কন্ট্রোল রুমের হট লাইন নম্বর +৮৮ ০২ ৪১০৫০৪২৭, মোবাইল নম্বর +৮৮০১৭২৪৫৯৮৩৬১, ই-মেইল এ্যাড্রেস monirnp082@gmail.com।

কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই। তাই নিজে পরিষ্কার থাকার পাশাপাশি এ বিষয়ে সকল সহকর্মীকে সতেচন করে তুলতে হবে। যদি জ্বর, সর্দি, কাশি ও শ্বাস-প্রশ্বাসে অসুবিধা হয় তাহলে দ্রুত অসুস্থ ব্যক্তিকে চিকিৎসা কেন্দ্রে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন(এনপিও) যথাযথ প্রতিপালনের জন্যও অনুরোধ করা হবে।



(নিশ্চিত কুমার পোদ্দার)

পরিচালক(যুগ্ম সচিব)

ফোন- ৯৫৬২৮৮৩

npoed1982@gmail.com

বিতরণঃ

এনপিও'র সকল কর্মকর্তা ও কর্মচারী।

অনুলিপিঃ

সচিব

শিল্প মন্ত্রণালয়, ঢাকা-১০০০।

(দৃ আঃ জনাব প্রতুল কুমার সাহা, উপসচিব)